

Times Today BD

জেলা প্রতিনিধি | বরিশাল | 14 April, 2025

নিজ কক্ষে ফ্যানে ঝুলছিল রাহাত হাওলাদারের (২০) মরদেহ। আর একই কক্ষে স্ত্রী মোসাম্মত লামিয়ার (১৯) মরদেহ পড়ে ছিল খাটের ওপর। সোমবার সকালে এমন অবস্থা দেখে পুলিশে খবর দেন স্বজনরা। পুলিশ এসে তাদের মরদেহ উদ্ধার করে। বরিশাল সদর উপজেলার চরকাউয়া ইউনিয়নের কর্ণকাঠী গ্রামে এ ঘটনা ঘটে।

বন্দর থানার ওসি রফিকুল ইসলাম স্বামী-স্ত্রীর মরদেহ উদ্ধারের সত্যতা নিশ্চিত করেন। তিনি বলেন, ময়নাতদন্তের জন্য মরদেহ মর্গে পাঠানো হয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, পারিবারিক কলহের জেরে দম্পতির মৃত্যু হয়েছে।

পুলিশ ও স্থানীয়রা জানান, বেলা বাড়লেও ঘরের দরজা বন্ধ থাকায় পরিবারের অন্য সদস্যদের সন্দেহ হয়। সকাল ৮টা পর্যন্ত কক্ষের দরজা ভেতর থেকে বন্ধ থাকায় ডাকাডাকি শুরু হয়। তবে কোনো সাড়া না পেয়ে প্রতিবেশী মহিউদ্দিন ও পথচারী (টলি চালকের) সহায়তায় দরজা ভেঙে ভেতরে ঢোকেন স্বজনরা। তখন রাহতকে ঝুলন্ত ও লামিয়াকে মৃত অবস্থায় খাটে পড়ে থাকতে দেখেন তারা।

মরদেহ উদ্ধার স্বামী-স্ত্রী মৃত্যু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:37

URL: <https://timestodaybd.com/barishal/777360240>